



## বরগুনায় ইয়াবাসহ গ্রেপ্তার জেলা ছাত্রদল নেতাকে বহিষ্কার



আরাফাত রহমান অভি। ছবি : সংগৃহীত

বরগুনায় ইয়াবাসহ আটক হওয়া জেলা ছাত্রদলের এক নেতাকে দল থেকে বহিষ্কার করা হয়েছে। কেন্দ্রীয় নেতৃত্ব বিষয়টি নিশ্চিত করে সিদ্ধান্ত কার্যকর করেছে। রোববার (৩ মে) ছাত্রদলের কেন্দ্রীয় সভাপতি রাকিবুল ইসলাম রাকিব ও সাধারণ সম্পাদক নাছির উদ্দীন নাছির এ সিদ্ধান্ত অনুমোদন দেন। বহিষ্কৃত আরাফাত রহমান অভি জেলা ছাত্রদলের স্কুলবিষয়ক সম্পাদক ছিলেন এবং পাথরঘাটা উপজেলা ছাত্রদলের সাবেক সদস্যসচিব হিসেবেও দায়িত্ব পালন করেছেন। তার বাড়ি পাথরঘাটা পৌরসভার ১ নম্বর ওয়ার্ডের ইমন আলী সড়ক এলাকায়।

সংগঠনের বিজ্ঞপ্তিতে বলা হয়, আরাফাত রহমান অভির সঙ্গে দলের কোনো স্তরের নেতাকর্মীরা যেন সাংগঠনিক সম্পর্ক না রাখেন। শৃঙ্খলা বজায় রাখতে এ নির্দেশনা দেওয়া হয়েছে। এর আগে শনিবার রাত সাড়ে ১০টার দিকে পাথরঘাটা পৌর শহরের নিজ বাসায় পুলিশ অভিযান চালিয়ে ৫১০টি ইয়াবা উদ্ধার করে এবং তাকে আটক করে। জেলা ছাত্রদলের সভাপতি মো. সানাউল্লাহ সানি জানান, মাদকের অভিযোগে গ্রেপ্তারের পর বিষয়টি কেন্দ্রীয়ভাবে জানানো হলে সংগঠনের ভাবমূর্তি রক্ষায় তাকে বহিষ্কার করা হয়।